



# ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ কুমিল্লা সেনানিবাস

## ভর্তির নির্দেশিকা

ক। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির জন্য প্রথমে ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজের ওয়েবসাইটে (<http://www.ipsc.edu.bd>) প্রবেশ করে ভর্তির জন্য বিভাগ অনুযায়ী ফরম ডাউনলোড করে লিগ্যাল সাইজ কাগজে উভয় পৃষ্ঠায় প্রিন্ট করতে হবে। প্রদত্ত ফরমে সকল তথ্য সনদ ও রেকর্ডপত্র অনুসারে সঠিকভাবে পূরণ করতে হবে। ফরমের যথাস্থানে শিক্ষার্থীর ছবি, তার পিতা ও মাতার ছবি আঠা দিয়ে লাগাতে হবে। তথ্য ফরমে পঠিতব্য বিষয়ের স্থানে এখন কিছু লেখার প্রয়োজন নেই। পরবর্তীতে শ্রেণি শিক্ষকের সহায়তায় তা পূরণ করা হবে। এসএসসি নম্বরপত্রের ফটোকপিসহ প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে জমা দিতে হবে।

খ। কর্মরত সামরিক, আধা সামরিক ও প্রতিরক্ষা খাতভুক্ত অভিভাবকগণ প্রমাণ স্বরূপ স্ব স্ব ইউনিট/সংস্থা/অফিস থেকে প্রত্যয়নপত্র অবশ্যই জমা দিতে হবে। সামরিক অবসরের ক্ষেত্রে সার্ভিস বুক দেখিয়ে ফটোকপি জমা দিতে হবে।

গ। সকল প্রকার মুক্তিযোদ্ধাদের পোষ্য কোটায় ভর্তির ক্ষেত্রে অভিভাবকগণকে মুক্তিযোদ্ধার স্বপক্ষে যথোপযুক্ত প্রমাণপত্র (সন্তান, সন্তানের সন্তান, কমান্ডার কর্তৃক প্রত্যয়ন, পিতা মাতার এনআইডি ও অন্যান্য প্রত্যয়ন)। মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের ওয়েবসাইট <http://ff.molwa.gov.bd/ps> হতে অনলাইন ভেরিফাই কপিও প্রদান করতে হবে।

## অন্যান্য তথ্যাবলি

১। ভর্তি কার্যক্রম ১৩ থেকে ১৭ সেপ্টেম্বর ২০২০ প্রতিদিন সকাল ০৯০০ ঘটিকা হতে শুরু হয়ে ১৪০০ ঘটিকা পর্যন্ত চলবে।

২। পোষাক : প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রসপেক্টাসে দেয়া নির্দেশনা মোতাবেক পোষাক তৈরি করতে হবে। প্রতিষ্ঠানের মনোগ্রাম, অ্যাপুলেট ইস্পাহানী বুক স্টল হতে সংগ্রহ করা যাবে।

৩। বর্তমান কোভিড-১৯ এর বিবেচনায় অভিভাবক প্রবেশ নিরুৎসাহিত করা হলো। সকল ভর্তিচ্ছু শিক্ষার্থীকে অবশ্যই মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মেনে প্রবেশ করতে হবে।